# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 20 May, 2025

বিএনপির সঙ্গে আওয়ামী লীগের সম্পৃক্ততা নিয়ে হাসনাত আবদুল্লাহর মন্তব্যের পর এবার এ বিষয়ে মুখ খুললেন বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু।জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) তরুণ এই নেতার উদ্দেশে দুদু বলেছেন, এমন কোনো কথা বলবা না যে কথার দায়িত্ব নিতে পারবা না।গণতন্ত্রের রীতিনীতি না মানলে ফ্যাসিস্ট হিসাবে চিহ্নিত হবা।

মঙ্গলবার (২০ মে) জাতীয় প্রেস ক্লাবের মাওলানা আকরাম খাঁ হলে বাংলাদেশ জাতীয়তাবাদী সাংস্কৃতিক দলের উদ্যোগে 'প্রতিহিংসার রাজনীতি গণতন্ত্র সুশাসন প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

আওয়ামী লীগের কাছ থেকে টাকা নিয়ে বিএনপি চলে- এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহর এ কথার জবাবে দুদু বলেন, আমি তাকে আ...ল বলব।কথা বলার আগে একটু চিন্তা-ভাবনা করে বলতে হয়।এভাবে কথা বললে তোমাদের সম্বন্ধে মানুষের ধারণা কোথায় যাচ্ছে একটু চিন্তা করো।এমন কোনো কথা বলবা না যে কথার দায়িত্ব নিতে পারবা না।

হাসনাতের উদ্দেশে ছাত্রদলের সাবেক এই সভাপতি আরও বলেন, হিসাব করে চলা এবং বলা ও গণতন্ত্রের রীতিনীতি না মানলে ফ্যাসিস্ট হিসাবে চিহ্নিত হবা।এরকম প্রতিহিংসামূলক দৃষ্টিভঙ্গি নিয়ে রাজনীতি করা যাবে না।

রাজনীতি শামসুজ্জামান-দুদু বিএনপি হাসনাত-আবদুল্লাহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 10:57

URL: https://www.timestodaybd.com/national/7758072757